

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় বর্ধিত ফি প্রত্যাহার করা না হলে ২ মার্চ থেকে ধর্মঘট ডেকেছে ছাত্র জোট

স্বাস্থ্য বাতী পরিবেশক, রংপুর

ভর্তি থেকে শুরু করে সব ক্ষেত্রে নেয়া বর্ধিত ফি প্রত্যাহারের দাবিতে আগামী ২ ও ৩ মার্চ রোববার এবং সোমবার ২ দিন রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট আহ্বান করা হয়েছে। প্রগতিশীল ছাত্র জোট বিশ্ববিদ্যালয় ছাত্র নেতারা গতকাল সকালে এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন।

সংবাদ সম্মেলনে সিদ্ধি অভিযোগে বলা হয় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের বেশিরভাগ শিক্ষার্থীই কৃষি প্রধান পরিবার থেকে আসে যাদের বেশিরভাগই গরিব নিম্নবিত্ত। সরকার প্রত্যাশা ছিল শিক্ষার ব্যয় শিক্ষার্থীদের আর্থিক সচ্ছতির মধ্যে থাকবে। কিন্তু গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে প্রতি বছরেই শিক্ষার ব্যয় বৃদ্ধি করা অব্যাহত রেখেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সময় ২০০৮ সালের শেষে যেখানে বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফি ছিল ৫ হাজার ৯শ' টাকা সেখানে এ বছর তা বাড়িয়ে ৯ হাজার ২শ' টাকা করা হয়েছে। এ ছাড়াও হল খুলে দেয়ার নামে অ্যাটাচমেন্ট বারদ ১ হাজার টাকা করে অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে। অন্যদিকে কাগজ পত্র ও অন্য সরঞ্জামের মূল্য বৃদ্ধির অল্পহাত দেখিয়ে আরও ৭শ' টাকা বাড়িয়েছে প্রশাসন। অন্যদিকে শিক্ষার্থীদের প্রতি ক্রেডিট ফি ৩৫ টাকা থেকে বাড়িয়ে ৫০ টাকা করা হয়েছে। এতে করে প্রতি বছর প্রতিটি শিক্ষার্থীকে অতিরিক্ত ৬ থেকে ৭শ' টাকা প্রদান করতে হবে। এভাবে একটার পর একটা ফি বাড়িয়ে চলেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ ব্যাপারে বেশ কয়েকবার উপাচার্যকে আরও স্মিপি প্রদান করে বর্ধিত ফি প্রত্যাহার করার দাবি জানানো হলেও তিনি কোন পদক্ষেপ নেননি। এদিকে বৃহস্পতিবার উপাচার্য-এর আলোচনায় বসার কথা জানিয়ে কাউকে না জানিয়ে ঢাকায় চলে গেছেন। সে কারণে আন্দোলন ছাড়া আর কোন বিকল্প নেই শিক্ষার্থীদের সামনে। সংবাদ সম্মেলনে বর্ধিত ফি প্রত্যাহারের দাবিতে আগামী ২ ও ৩ মার্চ রোববার ও সোমবার বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট আহ্বান করা হলো।